Time Taken

00:00

Mark Gained

1.শতবর্ষের ফেরারী__

a. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

b. তারাশঙ্কর বন্দোপাধ্যায়

c. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

d. মানিক বন্দ্যোপাধ্যায়

Explanation:
উত্তর: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

ব্যাখ্যা:
- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কে বাংলা সার্থক উপন্যাস সাহিত্যের স্থপতি বলা হয়।

- তার ছদ্মনাম - কমলাকান্ত।

- বঙ্কিমচন্দ্রকে বাংলা উপন্যাসের জনক বলা হয়।

- তাকে শতবর্ষের ফেরারী বলা হয়।

2.বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি কে?

a. কাজী নজরুল ইসলাম

b. ফররুখ আহমদ

c. মধুসূদন দত্ত

d. বুদ্ধদেব বসু

Explanation:
উত্তর: বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি মধুসূদন দত্ত।

ব্যাখ্যা:
- আধুনিক বাংলা সাহিত্যর প্রথম বিদ্রোহী কবি মাইকেল মধুসূদন দত্ত।

- বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক ।

- প্রথম সার্থক নাট্যকার এবং প্রথম সার্থক ট্রাজেডির রচয়িতা।

- প্রথম প্রহসন রচয়িতা এবং প্রথম পত্র কাব্যকার।

- প্রথম সার্থক মহাকাব্য রচয়িতা এবং বাংলা সনেটের জনক।

অন্যদিকে, কাজী নজরুল ইসলাম - বিদ্রোহী কবি।

3.বাংলা গদ্যের জনক বলা হয় কাকে?

a. উইলিয়াম কেরীকে

b. রাজা রামমোহন রায়

c. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

d. প্যারীচাঁদ মিত্রকে

Explanation:
উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুর বিদ্যাসাগরকে বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পী বলে অভিহিত করেছেন।

- 'প্রভাবতী সম্ভাষণ' এটি তাঁর / বাংলা সাহিত্যের প্রথম মৌলিক গ্রন্থ।

- বেতাল পঞ্চবিংশতি ( অনুবাদ সাহিত্য) প্রথম যতিচিহ্নের প্রয়োগ করা হয়।

4.'বীরাঙ্গনা' মাইকেল মধুসূদন দত্তের__

a. কাব্য

b. খণ্ডকাব্য

c. পত্রকাব্য

d. গল্পগ্রন্থ

Explanation:
উত্তর: পত্রকাব্য।

ব্যাখ্যা:
- এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রকাব্য।

- এই কাব্য পত্রের সংখ্যা ১১ টি।

- এটি অমিত্রাক্ষর ছন্দে রচিত।

5.বঙ্কিমচন্দ্রের রোমান্সধর্মী উপন্যাস কোনটি?

a. ইন্দিরা

b. বিষবৃক্ষ

c. কপালকুণ্ডলা

d. কৃষ্ণকান্তের উইল

Explanation:
উত্তর: কপালকুণ্ডলা।

ব্যাখ্যা:
- কপালকুণ্ডলা বাংলা সাহিত্যের প্রথম রোমান্সধর্মী উপন্যাস।

- 'পথিক তুমি পথ হারাইয়েছো' বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক সংলাপ।

- চরিত্র: কপালকুণ্ডলা, নবকুমার, কাপালিক ( ভিলেন), মতিবিবি।

অন্যদিকে, কৃষ্ণকান্তের উইল:
- বঙ্কিমচন্দ্রের সর্বশ্রেষ্ঠ হিসেবে বিবেচিত। - চরিত্র: রোহিণী, গোবিন্দলাল, ভ্রমর।

বিষবৃক্ষ:
- বিধবা বিবাহ অবলম্বনে রচিত প্রথম উপন্যাস । - চরিত্র: নগেন্দ্রনাথ, সূর্যমুখী, কুন্দনন্দিনী।

6.বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি নাটকের নাম__

a. কুলীনকুল সর্বস্ব

b. কৃষ্ণকুমারী

c. নীল দর্পণ

d. জমিদার দর্পণ

Explanation:
উত্তর: কৃষ্ণকুমারী।

ব্যাখ্যা:
- বাংলা ভাষায় রচিত প্রথম নাটক/প্রথম মৌলিক নাটক - ভদ্রার্জুন (কমেডি, তারাচরণ শিকদার) |

- বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক - শর্মিষ্ঠা (১৮৫৯)।

- বাংলা সাহিত্যের প্রথম সার্থক কমেডি - পদ্মাবতী (১৮৬০)।

- বাংলা ভাষায় রচিত প্রথম ট্রাজেডি নাটক - কীর্তিবিলাস (১৮৫২, যোগেন্দ্রচন্দ্র গুপ্ত)।

- বাংলা ভাষায় রচিত প্রথম সার্থক ট্রাজেডি নাটক - কৃষ্ণকুমারী (১৮৬১, মধুসূদন দত্ত)।

7.'বিধবা বিবাহ আইন' কত সালে পাশ হয়?

a. 1829

b. 1855

c. 1856

d. 1857

Explanation:
উত্তর: 'বিধবা বিবাহ আইন' পাশ হয় ১৮৫৬ সালে।

ব্যাখ্যা:
- ১৮২৯ সালে রাজা রামমোহন রায়ের প্রচেষ্ঠায় লর্ড বেন্টিঙ্ক সতীদাহ প্রথা বিলোপের আইন পাশ করেন।

- ১৮৪৭ সালে বেতাল পঞ্চবিংশতি গ্রন্থ প্রথম যতিচিহ্নের প্রয়োগ ঘটান।

- ১৮৫৬ সালে ২৬ জুলাই লর্ড ডালহৌসির সময়ে বিধবা বিবাহ আইন পাশ হয় বিদ্যা সাগরের প্রচেষ্টায়।

8.কোনটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আত্মজীবনী?

a. আত্মপরিচয়

b. আত্মচরিত

c. আত্মকথা

d. আমার জীবনী

Explanation:
উত্তর: আত্মচরিত।

ব্যাখ্যা:
আত্মকথা - আবুল মনসুর আহমদ।

আত্মপরিচয় - রবীন্দ্রনাথ ঠাকুর।

আমার জীবনী - মীর মশাররফ হোসেন।

9.বিদ্যাসাগরের রম্যরচনা কোনটি?

a. অতি অল্প হইল

b. মদ খাওয়া বড় দায়, জাত থাকার কি উপায়

c. বুড়ো শালিকের ঘাড়ে রোঁ

d. একেই কি বলে সভ্যতা

Explanation:
উত্তর: অতি অল্প হইল।

ব্যাখ্যা: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক সাহিত্য:
১. প্রভাবতী সম্ভাষণ। - এটি তাঁর / বাংলা সাহিত্যের প্রথম মৌলিক গ্রন্থ।
- এটি একইসাথে বাংলা সাহিত্যের প্রথম শোকগাঁথা।

মৌলিক রম্য রচনা:
১. অতি অল্প হইল।
২. আবার অতি অল্প হইল।
৩. ব্রজবিলাস (ব্যঙ্গ রচনা)।

10.আধুনিক বাংলা নাটকের জনক?

a. মাইকেল মধুসূদন

b. দীনবন্ধু মিত্র

c. রবীন্দ্রনাথ ঠাকুর

d. রামনারায়ন তর্করত্ন

Explanation:
উত্তর: মাইকেল মধুসূদন।

ব্যাখ্যা: - মাইকেল মধুসূদন দত্ত বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক।

- প্রথম সার্থক নাট্যকার এবং প্রথম সার্থক ট্রাজেডির রচয়িতা।

- প্রথম প্রহসন রচয়িতা এবং প্রথম পত্র কাব্যকার।

- প্রথম সার্থক মহাকাব্য রচয়িতা এবং বাংলা সনেটের জনক।

## 11.শকুন্তলা কে অনুবাদ করেন?

a. প্যারীচাঁদ

b. বিদ্যাসাগর

c. রামমোহন রায়

d. অক্ষয় কুমার দত্ত

Explanation:
উত্তর: বিদ্যাসাগর।

ব্যাখ্যা: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুবাদ সাহিত্য:
১. বেতাল পঞ্চবিংশতি - এটি তার প্রথম প্রকাশিত গ্রন্থ। - হিন্দি ভাষায় রচিত 'বৈতাল পচ্চিসী' এর অনুবাদ।

২. শকুন্তলা - সংস্কৃত মহাকবি কালিদাসের ' অভিজ্ঞান শকুন্তলম' এর অনুবাদ।

৩. সীতার বনবাস - রামায়ণের কাহিনী অবলম্বনে রচিত।

৪. ভ্রান্তিবিলাস - এটি শেক্সপিয়ারের ' comedy of Errors ' এর অনুবাদ।

## 12.ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক রচনা নয় কোনটি?

a. ক) রত্নপরীক্ষা

b. খ) অতি অল্প হইল

c. গ) বেতালপঞ্চবিংশতি

d. ঘ) ব্রজবিলাস

Explanation:
উত্তর: গ) বেতালপঞ্চবিংশতি।

ব্যাখ্যা: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক গ্রন্থসমূহ:
- অতি অল্প হইল

- আবার অতি অল্প হইল

- ব্রজবিলাস - বিধবা বিবাহ ও যশোরের হিন্দু ধর্মরক্ষিণী সভা

অন্যদিকে, বেতালপঞ্চবিংশতি (হিন্দি বৈতালপচ্চিসি এর বঙ্গানুবাদ)।

13."তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" সংলাপটি কোন উপন্যাসের অংশ?

a. ক) ইন্দিরা

b. খ) বিষবৃক্ষ

c. গ) আনন্দমঠ

d. ঘ) কপালকুণ্ডলা

Explanation:
উত্তর: ঘ) কপালকুণ্ডলা।

ব্যাখ্যা:
- "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?" সংলাপটি কপালকুণ্ডলা উপন্যাসের অংশ।

- কপালকুণ্ডলা (১৮৬৬) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের দ্বিতীয় উপন্যাস।

- অনেকের মতে এটি তাঁর শ্রেষ্ঠ উপন্যাস।

- উপন্যাসের চরিত্র - নবকুমার, কপালকুণ্ডলা, কাপালিক প্রমুখ।

- এ উপন্যাসের অপর একটি বিখ্যাত সংলাপ - "পথিক তুমি পথ হারাইয়াছ"। এটি বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক সংলাপ।

## 14.মধুসূদন দত্তের 'হেক্টরবধ' কী অবলম্বনে রচিত?

a. ইলিয়ড

b. ওডেসি

c. কমেডি অব এররস

d. দ্য টেমিং অব দ্য শ্রু

Explanation:
উত্তর: ইলিয়ড।

ব্যাখ্যা:
- মাইকেল মধুসূদন দত্তের গ্রন্থ হেক্টর বধ হোমারের ইলিয়ড মহাকাব্যের প্রথম কয়েকটি সর্গের (অধ্যায়) গদ্যে রচিত অনুবাদ।

অন্যদিকে,
- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ' ভ্রান্তিবিলাস ' গ্রন্থটি William Shakespeare রচিত The comedy of Errors এর অনুবাদ।

- মধুসূদন দত্তের বীরাঙ্গনা কাব্যটি রোমান কবি পাবলিয়াস ওভিডিয়াস ন্যাসোর Herodias কাব্যের অনুসরণ।

- মুনীর চৌধুরীর 'মুখরা রমণী বশীকরণ' নাটকটি William Shakespeare রচিত The Taming of the Shrew এর অনুবাদ।

15.বাংলা উপন্যাসের জনক কে?

a. মাইকেল মধুসূদন দত্ত

b. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

c. রাজা রামমোহন রায়

d. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

Explanation:
উত্তর: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
ব্যাখ্যা: - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপাধি: সাহিত্য সম্রাট।
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঔপন্যাসিক বলা হয়।
তাঁকে বাংলার স্কট বলা হয়।
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কে বাংলা সার্থক উপন্যাস সাহিত্যের স্থপতি বলা হয়। তার ছদ্মনাম - কমলাকান্ত। বঙ্কিমচন্দ্রকে বাংলা উপন্যাসের জনক বলা হয়। তাকে শতবর্ষের ফেরারী বলা হয়। তিনি ১৮৫৮ সালে যশোরের ডেপুটি ম্যাজিস্ট্রেট পদে নিয়োগ লাভ করেন। ৩৩ বছর চাকরি করার পর ১৮৯১ সালে অবসর গ্রহন করেন।

16.'দামিনী' কোন উপন্যাসের চরিত্র?

a. চরিত্রহীন

b. বিষবৃক্ষ

c. পথের দাবী

d. চতুরঙ্গ

Explanation:
উত্তর: 'চতুরঙ্গ' উপন্যাসের চরিত্র।

ব্যাখ্যা:
- 'চতুরঙ্গ' হলো সাধু ভাষায় রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের একটি সামাজিক-মনস্তাত্ত্বিক উপন্যাস।

- এই উপন্যাসের চরিত্র: শচীশ, দামিনী, শ্রীবিলাস, জ্যাঠামশাই।

17.বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক কোনটি?

a. শর্মিষ্ঠা

b. কৃষ্ণকুমারী

c. সাজাহান

d. বসন্ত

Explanation:
উত্তর: শর্মিষ্ঠা।

ব্যাখ্যা:
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক শর্মিষ্ঠা।

- নাটকটি ১৮৫৯ সালে প্রথম প্রকাশিত হয়।

- এটি মধুসূদন রচিত ও প্রকাশিত প্রথম বাংলা নাটক।

18.'ভগ্ন শিবমন্দির' কার রচনা?

a. রবীন্দ্রনাথ ঠাকুর

b. মাইকেল মধুসূদন দত্ত

c. কবি কায়কোবাদ

d. দীনবন্ধু মিত্র

Explanation:
উত্তর: মাইকেল মধুসূদন দত্ত।

ব্যাখ্যা:
- মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রহসন: বুড় সালিকের ঘাড়ে রোঁ , একেই কি বলে সভ্যতা।

- 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির পূর্ব নাম ছিল 'ভগ্নশিব মন্দির'।

19.'বঙ্গভাষা' সনেট প্রথমে কী নামে লেখা হয়?

a. মাতৃভাষা

b. বঙ্গবাণী

c. বাংলাভাষা

d. কবি-মাতৃভাষা

Explanation:
উত্তর: কবি-মাতৃভাষা।

ব্যাখ্যা:
- মাইকেল মধুসূদন দত্ত Timothy Penpoem ছদ্মনামে মাদ্রাজের 'হিন্দু ক্রোনিকল' পত্রিকায় কবিতা লিখতেন।

- তার কাব্য: দ্য ক্যাপ্টিভ লেডি, তিলোত্তমাসম্ভব, ব্রজাঙ্গনা, বীরাঙ্গনা, চতুর্দশপদী কবিতাবলী (বাংলা ভাষার প্রথম সনেট), হেক্টরবধ।

- 'বঙ্গভাষা' তার প্রথম সনেট এবং প্রথমে কবিতাটি 'কবি-মাতৃভাষা' নামে লেখা হয়)

20.'Sestet' শব্দটির বাংলা পারিভাষিক রূপ হলো___

a. পঞ্চক

b. ষটক

c. সপ্তক

d. অষ্টক

Explanation:
উত্তর: ষটক।

21.মেঘনাদের পিতামহীর নাম কি?

a. প্রমীলা

b. চিত্রাঙ্গদা

c. মন্দোদরী

d. নিকষা

Explanation:
উত্তর: নিকষা।

22.'ব্রজবুলি' ভাষায় রচিত -

a. ক) চর্যাপদ

b. খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্য

c. গ) বৈষ্ণব পদাবলি

d. ঘ) পুথিসাহিত্য

Explanation:
উত্তর: বৈষ্ণব পদাবলি।

ব্যাখ্যা: - ব্রজবুলি মধ্যযুগীয় বাংলা সাহিত্যের দ্বিতীয় কাব্যভাষা বা উপভাষা।

- মিথিলার কবি বিদ্যাপতি এর উদ্ভাবক।

- তিনি মৈথিলী ভাষার সঙ্গে বাংলা ভাষার মিশ্রণে এই কৃত্রিম সাহিত্যিক ভাষা উদ্ভাবন করেন।

- রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর ভানুসিংহ ঠাকুরের পদাবলী রচনা করেছেন এ ভাষায়।

23.মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক কোনটি?

a. ক) বীরাঙ্গনা

b. খ) পদ্মাবতী

c. গ) ব্রজাঙ্গনা

d. ঘ) তিলোত্তমাসম্ভব

Explanation:
উত্তর: পদ্মাবতী।

ব্যাখ্যা: - মাইকেল মধুসূদন দত্ত বাংলাভাষার সনেট প্রবর্তক।

- মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রথম কাব্যগ্রন্থ দ্য ক্যাপটিভ লেডি। এটি ইংরেজিতে রচিত।

- বাংলায় রচিত মধুসূদনের প্রথম কাব্যগ্রন্থ তিলোত্তমা সম্ভব।

মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক:
- শর্মিষ্ঠা (১৮৫৯)

- পদ্মাবতী (১৮৬০)

- কৃষ্ণকুমারী (১৮৬১)

24.'জন্ম যদি তব বঙ্গে' কী জাতীয় রচনা?

a. ক) মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস

b. খ) মুক্তিযুদ্ধভিত্তিক গল্প

c. গ) মুক্তিযুদ্ধভিত্তিক কবিতা

d. ঘ) মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ

Explanation:
উত্তর: 'জন্ম যদি তব বঙ্গে' শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধভিত্তিক গল্প।

ব্যাখ্যা: - শওকত ওসমান ১৯১৭ সালের ২ জানুয়ারি পশ্চিমবঙ্গের হুগলি জেলার সবলসিংহপুর গ্রামে জন্মগ্রহণ করেন।

- তাঁর প্রকৃত নাম শেখ আজিজুর রহমান; 'শওকত ওসমান' তাঁর সাহিত্যিক নাম।

- 'জাহান্নাম হইতে বিদায়', 'দুই সৈনিক' শওকত ওসমান রচিত মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস।

25.মাইকেল মধুসূদন দত্ত রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

a. ক) তিলোত্তমাসম্ভব কাব্য

b. খ) মেঘনাদবধ কাব্য

c. গ) চতুর্দশপদী কবিতাবলী

d. ঘ) দ্য ক্যাপটিভ লেডি

Explanation:
উত্তর: দ্য ক্যাপটিভ লেডি।

ব্যাখ্যা: - মাদ্রাজে অবস্থানকালে Timothy Penpoem ছদ্মনামে তাঁর প্রথম কাব্যগ্রন্থ The Captive Ladie (১৮৪৮) এবং দ্বিতীয় গ্রন্থ Visions of the Past প্রকাশিত হয়।

- বাংলায় রচিত মধুসূদনের প্রথম কাব্যগ্রন্থ 'তিলোত্তমাসম্ভব' কাব্য (১৮৬০)।

26.'চতুর্দশপদী কবিতাবলী' গ্রন্থে কতটি সনেটের সংকলন রয়েছে?

a. ক) ১০২

b. খ) ১২১

c. গ) ১৩৯

d. ঘ) ২০১

Explanation:
উত্তর: ১০২।

ব্যাখ্যা:
- 'চতুর্দশপদী কবিতাবলী', মাইকেল মধুসূদন দত্ত রচিত ১০২টি সনেট সংকলন।

- এটি বাংলা সনেটের আদি গ্রন্থ।

- এটি প্রকাশিত হয় ১৮৬৬ সালে।

- এর কিছু সনেটে পেত্রার্কের আদর্শে তবে বেশিরভাগ শেক্সপিয়রীয় আদর্শে।

27.'চতুর্দশপদী কবিতাবলী' গ্রন্থে কতটি সনেটের সংকলন রয়েছে?

a. ক) ১০২

b. খ) ১২১

c. গ) ১৩৯

d. ঘ) ২০১

Explanation:
উত্তর: ১০২।

ব্যাখ্যা:
- 'চতুর্দশপদী কবিতাবলী', মাইকেল মধুসূদন দত্ত রচিত ১০২টি সনেট সংকলন।

- এটি বাংলা সনেটের আদি গ্রন্থ।

28.বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত পত্রিকার নাম কী?

a. ক) সাধনা

b. খ) হিতকরী

c. গ) বঙ্গদর্শন

d. ঘ) তত্ত্ববোধিনী

Explanation:
উত্তর: বঙ্গদর্শন।

ব্যাখ্যা: - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সম্পাদনায় ১৮৭২ খ্রিষ্টাব্দে মাসিক 'বঙ্গদর্শন' প্রকাশিত হয়।

- এ পত্রিকার মাধ্যমে বাংলা গদ্যের প্রভূত উন্নতি সাধনের লক্ষ্যে বঙ্কিমচন্দ্র একটি শক্তিশালী লেখকগোষ্ঠী গড়ে তোলেন।

- বঙ্কিমচন্দ্রের মৃত্যুর পর রবীন্দ্রনাথ 'বঙ্গদর্শন' সম্পাদনা করেন।

29.পানিপথের তৃতীয় যুদ্ধ অবলম্বনে রচিত কাব্য কোনটি?

a. ক) রক্তাক্ত প্রান্তর

b. খ) কবর

c. গ) বাবুরের মহত্ত্ব

d. ঘ) মহাশ্মশান

Explanation:
উত্তর: মহাশ্মশান।

ব্যাখ্যা: - কায়কোবাদের 'মহাশ্মশান' হচ্ছে মহাকাব্য।

- তৃতীয় পানিপথের যুদ্ধ অবলম্বনে রচিত এ কাব্যে জয়-পরাজয় অপেক্ষা ধ্বংসের ভয়াবহতা প্রকট হওয়ায় এর নাম হয়েছে ‘মহাশ্মশান’।

- এটি তাঁর শ্রেষ্ঠ রচনা এবং এর দ্বারাই তিনি মহাকবিরূপে খ্যাতি অর্জন করেন।

30.বিখ্যাত 'নীল-দর্পণ' নাটকটি প্রকাশিত হয় কবে?

a. ক) ১৮৬০ খ্রিষ্টাব্দে

b. খ) ১৮৬১ খ্রিষ্টাব্দে

c. গ) ১৮৬২ খ্রিষ্টাব্দে

d. ঘ) ১৮৬৩ খ্রিষ্টাব্দে

Explanation:
উত্তর: ১৮৬০।

ব্যাখ্যা:
- নীল দর্পণ হল দীনবন্ধু মিত্র কর্তৃক ১৮৬০ খ্রিষ্টাব্দে রচিত একটি বাংলা সামাজিক নাটক।

- এই নাটকের পটভূমি নীল চাষের জন্য সাধারণ কৃষকদের উপর ইংরেজ শাসকদের অত্যাচার ও নিপীড়ন।

- নীল দর্পণ নাটকটির ঘটনা, বিষয়চিন্তা, রচনাস্থান, প্রকাশ স্থান, মুদ্রণকাল, প্রথম মঞ্চায়ন সবই বাংলাদেশে।

- গ্রন্থটির ইংরেজি অনুবাদ করেন মাইকেল মধুসূদন দত্ত এবং তা প্রকাশ করেন রেভারেন্ড জেমস্ লঙ।

- নাটকের বাস্তবতা এবং চরিত্রগুলির স্বাভাবিকতার গুণের জন্য অনেকে একে Uncle Tom's Cabin এর সঙ্গে তুলনা করেন।

31.জসীম উদ্‌দীন রচিত শিশুতোষ গ্রন্থ কোনটি?

a. ক) হলদে পরীর দেশে

b. খ) যে দেশে মানুষ বড়

c. গ) রঙ্গিলা নায়ের মাঝি

d. এক পয়সার বাঁশী

Explanation:
উত্তর: ঘ) এক পয়সার বাঁশী।

ব্যাখ্যা:
- 'এক পয়সার বাঁশী' পল্লিকবি জসীম উদ্‌দীন রচিত শিশুতোষ গ্রন্থ।

- জসীম উদ্‌দীন রচিত অন্যান্য শিশুতোষ গ্রন্থ: ডালিমকুমার, হাঁসু।

32.বিখ্যাত 'নক্সী কাঁথার মাঠ' কাব্যগ্রন্থের অনুবাদক কে?

a. ক) Thomas Gray

b. খ) E.M Milford

c. গ) W.B. Yeats

d. ঘ) T.S. Eliot

Explanation:
উত্তর: খ) E.M Milford

ব্যাখ্যা:
- বিখ্যাত 'নক্সী কাঁথার মাঠ' কাব্যগ্রন্থের অনুবাদক E.M Milford।

- রচয়িতা কবি জসীমউদ্দীন।

- নক্সী কাঁথার মাঠ একটি শিল্পসফল কাহিনি কাব্য।

- কাব্যটি চোদ্দটি সর্গ বা ছোট ছোট দৃশ্যপটে বর্ণিত।

- ১৯৩৯ সালে E.M Milford, The Field of the Embroidered Quilt নামে এর ইংরেজি অনুবাদ করেন।

33.বিখ্যাত 'মহাশ্মশান' কাব্যগ্রন্থের পটভূমি কী?

a. ক) পানিপথের ১ম যুদ্ধ

b. খ) পানিপথের ২য় যুদ্ধ

c. গ) পানিপথের ৩য় যুদ্ধ

d. ঘ) দ্বিতীয় বিশ্বযুদ্ধ

Explanation:
উত্তর: গ) পানিপথের ৩য় যুদ্ধ।

ব্যাখ্যা: - কায়কোবাদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ 'মহাশ্মশান' ১৯০৫ সালে প্রকাশিত হয়।

- কাব্যটি ধারাবাহিকভাবে মহম্মদ রওশন আলী সম্পাদিত' কোহিনূর' পত্রিকায় প্রকাশিত হয়।

- পানিপথের তৃতীয় যুদ্ধ(১৭৬১) অবলম্বনে কাব্যটি রচিত।

- প্রধান চরিত্র: ইব্রাহিম কার্দি, জোহরা বেগম, হিরণ বালা, আতা খাঁ, সুজাউদ্দৌলা, সেলিনা, আহমদ শাহ্ আব্দালী।

34.সুলতানার স্বপ্ন কোন ধরনের রচনা?

a. উপন্যাস

b. নাটক

c. কাব্য

d. প্রবন্ধ

Explanation:
উত্তর: উপন্যাস।

ব্যাখ্যা:
- বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন: মুসলিম নারী জাগরণের অগ্রদূত, মুসলিম নারী আন্দোলনের পথিকৃৎ বলা হয়।

- তার উপন্যাস:
১. Sultana's Dream (উপন্যাস ধর্মী কল্পকাহিনী)। উপন্যাসটি ইংরেজিতে লেখা। - এর বাংলা অনুবাদ 'সুলতানার স্বপ্ন'। সুলতানার স্বপ্নকে বিশ্বের নারীবাদী সাহিত্যে একটি মাইলফলক ধরা হয়।

২. পদ্মরাগ।

- বিবিসির জরিপকৃত সর্বকালের শ্রেষ্ঠ বাঙালির তালিকায় তার স্থান- ষষ্ঠ।

35.বেগম রোকেয়ার রচনা কোনটি?

a. আলোছায়া

b. কেয়ার কাঁটা

c. পদ্মরাগ

d. রূপছন্দা

Explanation:
উত্তর: পদ্মরাগ।

36.রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত গ্রন্থ কোনটি?

a. অবরোধবাসিনী

b. পদ্মাবতী

c. পদ্মগোখরা

d. অচলায়তন

Explanation:
উত্তর: অবরোধবাসিনী।

ব্যাখ্যা: - পদ্মগোখরা ( গল্প)- কাজী নজরুল ইসলাম।

- পদ্মাবতী ( নাটক)- মাইকেল মধুসূদন দত্ত।

- পদ্মাবতী ( কাব্য)- আলাওল।

- পদ্মাবতী ( সমালোচনামূলক)- সৈয়দ আলী আহসান।

- পদ্মরাগ ( উপন্যাস)- বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন।

- অচলায়তন ( রুপক ও সাংকেতিক নাটক)- রবীন্দ্রনাথ ঠাকুর।

37.'ঘটিরাম ডেপুটি' চরিত্রের স্রষ্টা কে?

a. দীনবন্ধু মিত্র

b. বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

c. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

d. প্রমথ চৌধুরী

Explanation:
উত্তর: দীনবন্ধু মিত্র।

ব্যাখ্যা: - দীনবন্ধু মিত্রের প্রহসন: সধবার একাদশী ( সামাজিক নাটক)।

- চরিত্র: কেনারাম, নিমচাঁদ, ঘটিরাম ডেপুটি।

38.নকশী কাঁথার মাঠ কাব্যের নায়কের নাম কী?

a. মধুমালা

b. রূপাই

c. সাজু

d. দুলী

Explanation:
উত্তর: রূপাই।

ব্যাখ্যা:
জসীমউদ্দিনের কাব্যগ্রন্থ:
- নকশীকাঁথার মাঠ।

- এটি কবির শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ / কাহিনীকাব্য।

- এ কাব্যের নায়ক - রূপাই, নায়িকা - সাজু।

- EM Milford কাব্যটির ইংরেজি অনুবাদ করেন ' The Field of the Embroidered Quilt ' নামে।

39.মুসলিম সাহিত্যিক রচিত প্রথম নাটক কোনটি?

a. জমিদার দর্পণ

b. গোজীবন

c. স্পেন বিজয়

d. বসন্ত কুমারী

Explanation:
উত্তর: বসন্ত কুমারী।

ব্যাখ্যা:
মীর মশাররফ হোসেন রচিত নাটক:

১. বসন্তকুমারী। - বাংলা সাহিত্যে মুসলিম রচিত প্রথম নাটক।

২. জমিদার দর্পণ। - বাংলা সাহিত্যে মুসলিম চরিত্র ( হাওয়ান আলী) অবলম্বনে রচিত প্রথম নাটক |

40.কায়কোবাদের রচনা নয় কোনটি?

a. মহাশ্মশান

b. অশ্রুমালা

c. চিন্তাতরঙ্গিনী

d. বিরহ বিলাপ

Explanation:
উত্তর: চিন্তাতরঙ্গিনী।

41.'আযান’ কবিতাটি কার রচনা?

a. আকরম খাঁ

b. কায়কোবাদ

c. ফররুখ আহমদ

d. হামিদ আলী

Explanation:
উত্তর: কায়কোবাদ।

42.আধুনিক বাংলাসাহিত্যে প্রথম মুসলিম কবি কে?

a. ক) কায়কোবাদ

b. খ) গোলাম মোস্তফা

c. গ) কাজী মোতাহার হোসেন

d. ঘ) কাজী নজরুল ইসলাম

Explanation:
উত্তর: আধুনিক বাংলাসাহিত্যে প্রথম মুসলিম কবি কায়কোবাদ।

ব্যাখ্যা: - তিনি আধুনিক বাংলা মহাকাব্য ধারার শেষ কবি।

- তাঁর প্রকৃত নাম মোহাম্মদ কাজেম আল কোরেশী, ‘কায়কোবাদ’ তাঁর সাহিত্যিক ছদ্মনাম।

- তিনি মুসলমান কবিদের মধ্যে সর্বপ্রথম সনেট এবং মহাকাব্য রচনা করেন।

- 'মহাশ্মশান' কায়কোবাদের শ্রেষ্ঠ রচনা।

43.কোন সাহিত্যিক দীনবন্ধু মিত্রের সধবার একাদশী নাটকে নিমচাঁদ চরিত্রে অভিনয় করেন?

a. ক) গিরিশচন্দ্র সেন

b. খ) গোবিন্দচন্দ্র দাস

c. গ) গোলাম মোস্তফা

d. ঘ) গিরিশচন্দ্র ঘোষ

Explanation:
উত্তর: গিরিশচন্দ্র ঘোষ।

ব্যাখ্যা:
- গিরিশচন্দ্র ঘোষ নাট্যকার, নাট্যপরিচালক, মঞ্চাভিনেতা।

- ১৮৬৭ সালে বাগবাজার সখের যাত্রাদল-প্রযোজিত মধুসূদনের শর্মিষ্ঠা নাটকের গীতিকার হিসেবে গিরিশচন্দ্র নাট্যজগতে প্রবেশ করেন।

- পরে দীনবন্ধু মিত্রের সধবার একাদশী নাটকে তিনি নিমচাঁদ চরিত্রে অভিনয় করেন।

44.দীনবন্ধু মিত্র রচিত প্রহসন কোনটি?

a. ক) সধবার একাদশী

b. খ) অতি অল্প হইল

c. গ) এর উপায় কি

d. ঘ) সবগুলো

Explanation:
উত্তর: সধবার একাদশী।

ব্যাখ্যা:
- দীনবন্ধু মিত্র রচিত উল্লেখযোগ্য প্রহসন সধবার একাদশী।

- ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগে সুরাপান ও বেশ্যাসক্তি এক শ্রেণির যুবকের জীবনে বিপর্যয় সৃষ্টি করেছিল।

- 'সধবার একাদশী' সেই সামাজিক বিপর্যয়ের কাহিনি।

- চরিত্র: জীবনচন্দ্র, অটলবিহারী, নিমচাঁদ, কেনারাম, সৌদামিনী, গিন্নী, কাঞ্চন ইত্যাদি।

45.'মুহূর্তের কবিতা' নামক সনেট সংকলন করেন কে?

a. ক) নবীনচন্দ্র সেন

b. খ) বিজন ভট্টাচার্য

c. গ) নির্মলেন্দু গুণ

d. ঘ) ফররুখ আহমদ

Explanation:
উত্তর: 'মুহুর্তের কবিতা' নামক সনেট সংকলনের রচয়িতা ফররুখ আহমদ।

ব্যাখ্যা:
- কবি, শিশুসাহিত্যিক ফররুখ আহমদ-এর জন্ম মাগুরা জেলার শ্রীপুর থানার মাঝাইল গ্রামে।

- তিনি ছিলেন মুসলিম পুনর্জাগরণবাদী কবি।

- ১৯৪৪ সালে কলকাতার দুর্ভিক্ষের পটভূমিতে ‘লাশ’ কবিতা লিখে তিনি প্রথম খ্যাতি অর্জন করেন।

তাঁর উল্লেখযোগ্য কাব্য:
- সাত সাগরের মাঝি,
- সিরাজাম মুনিরা,
- নৌফেল ও হাতেম,
- মুহূর্তের কবিতা,
- হাতেমতায়ী,
- হাবেদা মরুর কাহিনী ইত্যাদি।

তাঁর শিশুতোষ রচনা:
- পাখির বাসা,
- হরফের ছড়া,
- ছড়ার আসর ইত্যাদি

46.কোনটি জসীম উদ্‌দীন এর রচনা?

a. গাজী মিয়ার বস্তানী

b. হাঁসুলী বাঁকের উপকথা

c. ভাওয়াল গড়ের উপাখ্যান

d. ঠাকুর বাড়ির আঙিনায়

Explanation:
উত্তর: ঠাকুর বাড়ির আঙিনায়।

ব্যাখ্যা:
- জসীম উদ্‌দীনের স্মৃতিকথামূলক রচনা - ঠাকুর বাড়ির আঙিনায়।

অন্যদিকে' - গাজী মিয়াঁর বস্তানী (আত্মজীবনীমূলক উপন্যাস) - মীর মশাররফ হোসেন।

- ভাওয়াল গড়ের উপাখ্যান (এপিকধর্মী উপন্যাস) - জাফর শামসুদ্দিন।

- হাঁসুলী বাকের উপকথা (উপন্যাস) - তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়।

47.কোনটি জসীম উদ্‌দীন এর উপন্যাস?

a. ক) এক পয়সার বাঁশি

b. খ) বোবা কাহিনী

c. গ) সোজন বাদিয়ার ঘাট

d. ঘ) মাটির কান্না

Explanation:
উত্তর: বোবা কাহিনী।

ব্যাখ্যা: - 'বোবা কাহিনী' তাঁর একমাত্র উপন্যাস।

- বেশিরভাগ প্রচলিত বইগুলোতে দেওয়া কবি জসীম উদ্‌দীনের একমাত্র উপন্যাস বোবা কাহিনী, কিন্তু 'বউ টুবানীর ফুল' নামে তার আরও একটি উপন্যাস রয়েছে।

48.কোনটি জসীম উদ্‌দীন এর নাটক?

a. বেদের মেয়ে

b. মাটির কান্না

c. রাখালী

d. বোবা কাহিনী

Explanation:
উত্তর: বেদের মেয়ে।

ব্যাখ্যা: - 'রাখালী' পল্লিকবি জসীম উদ্‌দীন রচিত প্রথম কাব্যগ্রন্থ।

- 'মাটির কান্না' তার আরেকটি বিখ্যাত কাব্যগ্রন্থ।

- 'বোবা কাহিনী' তার রচিত উপন্যাস।

- 'বেদের মেয়ে' তার বিখ্যাত লোকনাট্য।

49.কোনটি জসীম উদ্‌দীন এর রচনা?

a. গাজী মিয়ার বস্তানী

b. হাঁসুলী বাঁকের উপকথা

c. ভাওয়াল গড়ের উপাখ্যান

d. ঠাকুর বাড়ির আঙিনায়

Explanation:
উত্তর: ঠাকুর বাড়ির আঙিনায়।

ব্যাখ্যা:
- পল্লিকবি জসীম উদ্‌দীন রচিত স্মৃতিকথামূলক গদ্যগ্রন্থ 'ঠাকুর বাড়ির আঙিনায়'।

50.'হলদে পরীর দেশে' জসীম উদ্‌দীনের কোন ধরনের রচনা?

a. ভ্রমণকাহিনী

b. রম্য রচনা

c. জীবনী

d. আত্মজীবনী

Explanation:
উত্তর: ভ্রমণকাহিনী।

ব্যাখ্যা:
- 'চলে মুসাফির', 'যে দেশে মানুষ বড়', 'জার্মানীর শহরে বন্দরে' জসীম উদ্‌দীন এর লেখা আরো কয়েকটি ভ্রমণ কাহিনী।

51.কোনটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কৌতুক নাটক নয়?

a. বৈকুণ্ঠের খাতা

b. নটীর পূজা

c. চিরকুমার সভা

d. শেষরক্ষা

Explanation:
উত্তর: নটীর পূজা।

ব্যাখ্যা:
রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কৌতুক নাটক বা প্রহসন:
১. বৈকুণ্ঠের খাতা। ২. গোড়ায় গলদ। ৩. চিরকুমার সভা। এটি 'প্রজাপতির নির্বন্ধ' উপন্যাসের নাট্যরূপ। ৪. শেষরক্ষা ।

নৃত্যনাট্য:
১. নটীর পূজা। ২. চণ্ডালিকা। ৩. চিত্রাঙ্গদা। ৪. শ্যামা। ৫. পরিশোধ। ৬. শাপমোচন।

52.'ব্যাঙাচি' কার ছদ্মনাম?

a. বুদ্ধদেব বসু

b. জীবনানন্দ দাশ

c. কাজী নজরুল ইসলাম

d. অচিন্তকুমার সেনগুপ্ত

Explanation:
উত্তর: কাজী নজরুল ইসলাম।

ব্যাখ্যা: - কাজী নজরুল ইসলামের ছদ্মনাম: ধুমকেতু, কহলন মিশ্র, সারথি, রুপকার, বনবুলবুল, পাইনোরিয়ার।

53.রবীন্দ্রনাথ ঠাকুরের 'মানুষের ধর্ম'- কোন ধরনের রচনা?

a. কাব্য

b. গল্পগ্রন্থ

c. প্রবন্ধ

d. উপন্যাস

Explanation:
উত্তর: প্রবন্ধ।

54.“ব্যথার দান” কী ধরনের গ্রন্থ?

a. ক) কাব্যগ্রন্থ

b. খ) উপন্যাস

c. গ) গল্পগ্রন্থ

d. ঘ) রম্যরচনা।

Explanation:
উত্তর: গল্পগ্রন্থ।

ব্যাখ্যা:
- "ব্যথার দান" কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গল্পগ্রন্থ।

- গল্পগ্রন্থ ছাড়া এটিই নজরুলের প্রথম প্রকাশিত গ্রন্থ।

- রিক্তের বেদন, শিউলিমালা তাঁর আরো দুইটি গল্পগ্রন্থ।

55.'আমার সোনার বাংলা' গানটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

a. ক) বঙ্গদর্শন

b. খ) সাধনা

c. গ) ভারতী

d. ঘ) বিশ্বভারতী

Explanation:
উত্তর: বঙ্গদর্শন।

ব্যাখ্যা:
- 'আমার সোনার বাংলা' গানটি রবীন্দ্রনাথ ঠাকুরের গীতবিতানের স্বরবিতানের অন্তর্ভুক্ত।

- এই গানের সুর করেছেন রবীন্দ্রনাথ স্বয়ং, তবে এতে বাউল গগন হরকরার সুরের প্রভাব পড়েছিল।

- এটি বঙ্গদর্শন পত্রিকায় ১৯০৫ সালে প্রথম প্রকাশিত হয়।

56."কিন্তু আরম্ভের পূর্বেও আরম্ভ আছে। সন্ধ্যা বেলায় দীপ জ্বলার আগে সকালবেলায় সলতে পাকানো” : বাক্যদ্বয় কোন রচনা থেকে উদ্ধৃত ?

a. নৌকাডুবি

b. চোখের বালি

c. যোগাযোগ

d. শেষের কবিতা

Explanation:
উত্তর: যোগাযোগ।

57.'বার্ধক্য তাহাই যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আকড়াইয়া পড়িয়া থাকে' - উক্তিটি কাজী নজরুল ইসলামের কোন রচনার অংশবিশেষ?

a. দুরন্ত পথিক

b. আঠারো বছর বয়স

c. চলে মুসাফির

d. যৌবনের গান

Explanation:
উত্তর: যৌবনের গান।

ব্যাখ্যা:
- ১৯৩২ সালে সিরাজগঞ্জে মুসলিম যুব সমাজ কাজী নজরুল ইসলামকে অভিনন্দন জানাতে গেলে তাদের উদ্দেশ্যে তিনি যে ভাষণ দিয়েছিলেন, তারই পরিমার্জিত ও লিখিত রূপ 'যৌবনের গান'।

58.'বউ কথা কও, বউ কথা কও কও কথা অভিমানিনী সেধে সেধে কেঁদে কেঁদে যাবে কত যামিনী'-এর কবি কে?

a. বেনজীর আহমেদ

b. নজরুল ইসলাম

c. জীবনানন্দ দাশ

d. শামসুর রাহমান

Explanation:
উত্তর: নজরুল ইসলাম।

59.কাজী নজরুল ইসলাম কোন সনে মৃত্যুবরণ করেন?

a. 1382

b. 1383

c. 1384

d. 1386

Explanation:
উত্তর: ১৩৮৩।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলাম ১৮৯৯ সালের ২৪ মে (১৩০৬ বঙ্গাব্দের ১১ জ্যৈষ্ঠ) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার জামুরিয়ার শেরগর পরগনার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহন করেন।

- বাল্যকালে তাকে ‘তারা ক্ষ্যাপা’, ‘নজর আলী’ নামেও ডাকা হত।

- ২৯ আগস্ট ১৯৭৬ (১৩৮৩ বঙ্গাব্দ ১২ ভাদ্র) ঢাকার পিজি হাসপাতালে ইন্তেকাল করেন।

60.কাজী নজরুল ইসলাম তার কোন কবিতায় কালাপাহাড়কে স্মরণ করেছেন ?

a. মহররম

b. মানুষ

c. আনন্দময়ীর আগমনে

d. বিদ্রোহী

Explanation:
উত্তর: মানুষ।

ব্যাখ্যা:
- মানুষ: এ কবিতার চরণ- "কোথা চেঙ্গিস, গজনী মামুদ, কোথায় কালাপাহাড়?"।

- এখানে কবি কালাপাহাড়কে প্রচলিত ধর্ম ও সংস্কার-বিদ্বেষী ছিলেন বলে স্মরণ করেছেন।

61.'লিপিকা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

a. বেগম সুফিয়া কামাল

b. রবীন্দ্রনাথ ঠাকুর

c. হাসান হাফিজুর রহমান

d. শামসুন্নাহার মাহমুদ

Explanation:
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর।

62.রবীন্দ্রনাথ ঠাকুর কাকে 'বিজয়া' বলে সম্বোধন করতেন?

a. মৈত্রেয় দেবী

b. হেমন্তবালা দেবী

c. ভিক্টোরিয়া ওকাম্পো

d. কাদম্বরী দেবী

Explanation:
উত্তর: ভিক্টোরিয়া ওকাম্পো।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুর আর্জেন্টিনার কবি ভিক্টোরিয়া ওকাম্পো কে তার রচিত 'পূরবী' কাব্যগ্রন্থ উৎসর্গ করেন।

63.'জাহাঙ্গীর' চরিত্রটি কোন গ্রন্থের?

a. ক) ব্যথার দান

b. খ) কুহেলিকা

c. গ) বাঁধন-হারা

d. ঘ) মৃত্যুক্ষুধা

Explanation:
উত্তর: কুহেলিকা।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলাম রচিত প্রথম উপন্যাস বাঁধন-হারা।

- তাঁর রচিত আরও দুটি উপন্যাস হচ্ছে 'মৃত্যুক্ষুধা' ও 'কুহেলিকা'।

- কুহেলিকা উপন্যাসের নায়ক জাহাঙ্গীর।

64.কাজী নজরুল ইসলামের গ্রন্থ নয়-

a. ক) কুহেলিকা

b. খ) জীবনক্ষুধা

c. গ) মধুমালা

d. ঘ) রুদ্রমঙ্গল

Explanation:
উত্তর: জীবনক্ষুধা।

ব্যাখ্যা:
- জীবনক্ষুধা কাজী নজরুল ইসলামের গ্রন্থ নয়। এটি আবুল মনসুর আহমদের উপন্যাস।

- বাঁধনহারা, মৃত্যুক্ষুধা ও কুহেলিকা কাজী নজরুল ইসলামের উপন্যাস।

- 'মধুমালা' তাঁর গীতিনাট্য এবং 'রুদ্রমঙ্গল' তাঁর রচিত প্রবন্ধ।

65.কত সালে কাজী নজরুল ইসলামকে "একুশে পদক" প্রদান করা হয়?

a. ক) ১৯২৭

b. খ) ১৯৭৪

c. গ) ১৯৭৬

d. ঘ) ১৯৬৯

Explanation:
উত্তর: ১৯৭৬।

ব্যাখ্যা:

- ১৯৭৬ সাল কাজী নজরুল ইসলামের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

- ১৯৭৬ সালের জানুয়ারিতে বাংলাদেশ সরকার তাঁকে নাগরিকত্ব প্রদান করে।

- এবছরের ফেব্রুয়ারিতে নজরুল ইসলামকে "একুশে পদক" প্রদান করা হয়।

## 66.কাজী নজরুল অভিনীত চলচ্চিত্র কোনটি?

a. ক) পাতালপুরী

b. খ) ধ্রুব

c. গ) গোরা

d. ঘ) সাপুড়ে

Explanation:
উত্তর: ধ্রুব।

ব্যাখ্যা:
- কাজী নজরুল ইসলাম 'ধ্রুব' চলচ্চিত্রে অভিনয় করেন।

- তিনি চলচ্চিত্রটিতে 'নারদ' চরিত্রে অভিনয় করেন।

## 67.রবীন্দ্রনাথ ঠাকুর, সুধীন্দ্রনাথ দত্তকে কোন কাব্যগ্রন্থ উৎসর্গ করে?

a. ক) আকাশ-প্রদীপ

b. খ) তন্বী

c. গ) বসন্ত

d. ঘ) পূরবী

Explanation:
উত্তর: আকাশ-প্রদীপ।

ব্যাখ্যা:
- রবীন্দ্রনাথ ঠাকুর 'আকাশ-প্রদীপ' কাব্যগ্রন্থটি সুধীন্দ্রনাথ দত্তকে উৎসর্গ করেন।

- 'গোধূলিতে নামল আঁধার' এ কাব্যগ্রন্থের মূল সুর।

অন্যদিকে,
- সুধীন্দ্রনাথ দত্ত 'তন্বী' কাব্যগ্রন্থটি রবীন্দ্রনাথকে উৎসর্গ করেন।

68."শুকিয়ে মরলেও কেউ শুধোয় না এসে। ঝ্যাঁটা মার নিজের জাতের মুখে, গেঁয়াতকুটুমের মুখে। সাধে সব খেরেস্তান হয়ে যায়। "- উক্তিটি কাজী নজরুল ইসলামের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

a. ঝিলিমিলি

b. মৃত্যুক্ষুধা

c. কুহেলিকা

d. সাম্যবাদী

Explanation:
উত্তর: মৃত্যুক্ষুধা।

69.'চোখের চাতক' কোন বিষয়ক গ্রন্থ?

a. ক) সংগীত

b. খ) সাহিত্য

c. গ) ভাষারীতি

d. ঘ) ভ্রমণ

Explanation:
উত্তর: 'চোখের চাতক' কাজী নজরুল ইসলামের সংগীত বিষয়ক গ্রন্থ।

ব্যাখ্যা: - নজরুলের অন্যান্য সংগীত বিষয়ক গ্রন্থ: নজরুল গীতিকা, সুর সাকী, বনগীতি প্রভৃতি।

70.কাজী নজরুল ইসলাম রচিত ‘বাঁধন-হারা’ উপন্যাসটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়?

a. ক) সওগাত

b. খ) লাঙল

c. গ) মোসলেম ভারত

d. ঘ) যুগবাণী

Explanation:
উত্তর: মোসলেম ভারত।

ব্যাখ্যা:
- ‘বাঁধন-হারা'(১৯২৭) বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস।

- এতে ১৮টি পত্র রয়েছে।

- এটি ‘মোসলেম ভারত’ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

- উপন্যাসের নায়ক নুরুল হুদা।

- অন্যান্য চরিত্রের মধ্যে রয়েছে - রবিউল, রাবেয়া, সোফিয়া, মাহবুবা প্রমুখ।

71.কাজী নজরুল ইসলামের 'বাঁধন হারা' উপন্যাসটি প্রথম কবে প্রকাশিত হয়?

a. ক) ১৯১৮ সালে

b. খ) ১৯৩১ সালে

c. গ) ১৯২৭ সালে

d. ঘ) ১৯৪১ সালে

Explanation:
উত্তর: ১৯২৭ সালে।

ব্যাখ্যা:
- বাঁধন-হারা প্রথম প্রকাশিত হয় ১৯২৭ সালে।

- এটি বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস।

72."আপন পাপের বাটখারা দিয়ে অন্যের পাপ মাপি" - কাজী নজরুল ইসলামের কোন কবিতার অংশ?

a. ক) পাপ ও পূণ্য

b. খ) পাপ

c. গ) পথহারা

d. ঘ) অভিশাপ

Explanation:
উত্তর: "আপন পাপের বাটখারা দিয়ে অন্যের পাপ মাপি" - কাজী নজরুল ইসলামের 'পাপ' কবিতার অন্তর্গত।

ব্যাখ্যা:
- 'পাপ' কবিতাটি কবির 'সাম্যবাদী' কাব্য গ্রন্থের অন্তর্গত।

73.'ইহারা মায়াবিনীর জাত। ইহারা সকল কল্যাণের পথে মায়াজাল পাতিয়া রাখিয়াছে। ইহারা গহন-পথের কণ্টক, রাজপথের দস্যু। '- উক্তিটি কাজী নজরুল ইসলামের

কোন সাহিত্যকর্মের অন্তর্গত?

a. কুহেলিকা

b. বাঁধন-হারা

c. যুগবাণী

d. বিষের বাঁশি

Explanation:
উত্তর: কুহেলিকা। '

74.'দোলন চাপা' কাব্যগ্রন্থের প্রথম কবিতা কোনটি?

a. আজ সৃষ্টি সুখের উল্লাসে

b. সিন্ধু হিন্দোল

c. চক্রবাক

d. পূজারিণী

Explanation:
উত্তর: আজ সৃষ্টি সুখের উল্লাসে।

75.বাংলাদেশের ইতিহাসে প্রথম রঙিন চলচ্চিত্র-

a. ক) বাহানা

b. খ) কখনো আসেনি

c. গ) সঙ্গম

d. ঘ) জীবন থেকে নেয়া

Explanation:
উত্তর: সঙ্গম।

ব্যাখ্যা:
- জহির রায়হানের উর্দু ছবি 'সঙ্গম' ছিল সমগ্র পাকিস্তান তথা বাংলাদেশের চলচ্চিত্রের ইতিহাসে নির্মিত প্রথম রঙিন চলচ্চিত্র।

- উর্দু ছবি 'বাহানা' ছিল সমগ্র পাকিস্তান তথা বাংলাদেশের চলচ্চিত্রের ইতিহাসে নির্মিত প্রথম সিনেমাস্কোপ চলচ্চিত্র।

76.'দুধভাতে উৎপাত' গল্পগ্রন্থের রচয়িতা কে?

a. মীর মশাররফ

b. আখতারুজ্জামান ইলিয়াস

c. শওকত ওসমান

d. বুদ্ধদেব বসু

Explanation:
উত্তর: আখতারুজ্জামান ইলিয়াস।

ব্যাখ্যা:
আখতারুজ্জামান ইলিয়াস এর লেখা গল্পগ্রন্থ:
-অন্য ঘরে অন্যস্বর
-খোঁয়ারি
-দুধেভাতে উৎপাত
-দোজখের ওম
-জাল স্বপ্ন স্বপ্নের জাল।

77.শহিদ মিনার সম্পর্কে লেখা কবিতা 'স্মৃতিস্তম্ভ' কার লেখা?

a. আলাউদ্দিন আল আজাদ

b. আসাদ চৌধুরী

c. মাহবুব-উল আলম

d. অসীম সাহা

Explanation:
উত্তর: আলাউদ্দিন আল আজাদ।

ব্যাখ্যা:
- আলাউদ্দিন আল আজাদের প্রকৃত নাম আলাউদ্দিন, ডাকনাম বাদশা।

- তার উদ্যোগেই প্রথম প্রকাশিত হয় 'একুশের প্রথম বুলেটিন'।

- প্রথম শহিদ মিনার ধ্বংসের পর তিনি রচনা করেন 'স্মৃতিস্তম্ভ'।

78.‘ক্ষুধা ও আশা’ কোন জাতীয় গ্রন্থ?

a. নাটক

b. উপন্যাস

c. কাব্যগ্রন্থ

d. প্রবন্ধ

Explanation:
উত্তর: উপন্যাস।

ব্যাখ্যা:
- ‘ক্ষুধা ও আশা’ আলাউদ্দীন আল আজাদের রচিত উপন্যাস।

79.ভাষা আন্দোলন বিষয়ক গ্রন্থ 'আরেক ফাল্গুন' শুরু হয়েছে কীসের বর্ণনা দিয়ে?

a. রমনা পার্কের

b. ঢাকা মেডিকেলের আমতলার

c. সোহরাওয়ার্দী উদ্যানের

d. ভিক্টোরিয়া পার্কের

Explanation:
উত্তর: ভিক্টোরিয়া পার্কের।

ব্যাখ্যা:
- "আরেক ফাল্গুন" উপন্যাসের প্রারম্ভটা ১৮৫৭ সালে সংগঠিত সিপাহী বিপ্লবের স্মৃতি বিজড়িত ভিক্টোরিয়া পার্কের বর্ণনার মধ্য দিয়ে।

- আবার লেখক পরিসমাপ্তি টেনেছেন ভিক্টোরিয়া পার্কের বর্ণনা দিয়েই।

80.খোঁয়ারি গল্পগ্রন্থের রচয়িতা কে?

a. শওকত ওসমান

b. আখতারুজ্জামান ইলিয়াস

c. হাসান আজিজুল হক

d. জ্যোতি প্রকাশ দত্ত

Explanation:
উত্তর: আখতারুজ্জামান ইলিয়াস।

ব্যাখ্যা:
তার উল্লেখযোগ্য সাহিত্য:
- উপন্যাস: চিলেকোঠার সেপাই, খোয়াবনামা

- গল্পগ্রন্থ: অন্য ঘরে অন্য স্বর, খোঁয়ারি, দুধভাতে উৎপাত, দোজখের ওম, জাল স্বপ্ন স্বপ্নের জাল।

- প্রবন্ধ সংকলন: সংস্কৃতির ভাঙ্গা সেতু

81.'সূর্যগ্রহন' জহির রায়হান রচিত কী?

a. সমালোচনা গ্রন্থ

b. গল্পগ্রন্থ

c. প্রবন্ধ

d. উপন্যাস

Explanation:
উত্তর: গল্পগ্রন্থ।

82.কোনটি জহির রায়হান রচিত উপন্যাস নয়?

a. কয়েকটি মৃত্যু

b. শেষ বিকেলের মেয়ে

c. তৃষ্ণা

d. নিষ্কৃতি

Explanation:
উত্তর: নিষ্কৃতি।

ব্যাখ্যা:
- 'নিষ্কৃতি' শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত উপন্যাস।

- শেষ বিকেলের মেয়ে, তৃষ্ণা, কয়েকটি মৃত্যু জহির রায়হান রচিত উপন্যাস।

83.'তেইশ নম্বর তৈলচিত্র' উপন্যাস অবলম্বনে নির্মিত চলচ্চিত্রের নাম কী?

a. ক) ওরা এগারো জন

b. খ) বসুন্ধরা

c. গ) একাত্তরের যীশু

d. ঘ) আবার তোরা মানুষ হ

Explanation:
উত্তর: বসুন্ধরা।

ব্যাখ্যা:
- আলাউদ্দিন আল আজাদের বিখ্যাত উপন্যাস 'তেইশ নম্বর তৈলচিত্র'।

- 'তেইশ নম্বর তৈলচিত্র' উপন্যাস অবলম্বনে নির্মিত চলচ্চিত্র 'বসুন্ধরা'

- তাঁর অন্যান্য উপন্যাস হলো: শীতের শেষ রাত বসন্তের প্রথম দিন, কর্ণফুলী, ক্ষুধা ও আশা, খসড়া কাগজ, স্বপ্নশিলা, বিশৃঙ্খলা ইত্যাদি।

84.শহীদুল্লাহ কায়সার রচিত নয়?

a. পেশোয়ার থেকে তাসখন্দ

b. রাজবন্দীর জবানবন্দী

c. সংশপ্তক

d. সারেং বৌ

Explanation:
উত্তর: রাজবন্দীর জবানবন্দী।

ব্যাখ্যা:
'রাজবন্দীর জবানবন্দী' কাজী নজরুল ইসলামের লিখিত একটি প্রবন্ধ।

85.কোনটি জহির রায়হানের চলচ্চিত্র নয়?

a. জীবন থেকে নেওয়া

b. অপুর সংসার

c. বেহুলা

d. কখনো আসেনি

Explanation:
উত্তর: অপুর সংসার।

86.'হাজার বছর ধরে' উপন্যাসের নায়িকা কে?

a. ক) ফাতেমা

b. খ) আম্বিয়া

c. গ) টুনি

d. ঘ) আমেনা

Explanation:
উত্তর: টুনি।

ব্যাখ্যা:
- 'টুনি' চরিত্রের দেখা পাওয়া যায় জহির রায়হান রচিত 'হাজার বছর ধরে' উপন্যাসে।

- উপন্যাসের নায়িকা টুনি একমাত্র জীবন্ত চরিত্র।

87.'কর্ণফুলী' উপন্যাসে কোন উপজাতির কথা বলা হয়েছে?

a. ক) চাকমা

b. খ) মারমা

c. গ) সাঁওতাল

d. ঘ) মণিপুরি

Explanation:
উত্তর: চাকমা।

ব্যাখ্যা:
- সাহিত্যিক আলাউদ্দিন আল আজাদের বিখ্যাত উপন্যাস কর্ণফুলী।

- তাঁর 'কর্ণফুলী' উপন্যাস পাহাড় সমুদ্র ঘেরা একটি বিশেষ জনপদের উপন্যাস।

- আদিবাসী রাঙ্গামিলা, প্রেমিক দেওয়ানপুত্র (চাকমা), বাঙালি ইসমাইল, জলি, রমজান প্রমুখের জীবন যাপন ও প্রণয় এ উপন্যাসে বর্ণিত।

- উপজাতীয় জীবন কাহিনী নিয়ে রচিত চাকমাদের জীবন সংগ্রামের চিত্র এ উপন্যাসের উপজীব্য।

88.'চিলে কোঠার সেপাই' উপন্যাসের নায়ক কে?

a. ওসমান

b. ওয়াশিম

c. তারেক

d. বাবুল

Explanation:
উত্তর: ওসমান।

ব্যাখ্যা:
- 'চিলেকোঠার সেপাই' বাংলাদেশী কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াস রচিত উপন্যাস।

- এটি ছিলো তার প্রথম উপন্যাস।

- যার প্রধান চরিত্রের নাম ছিলো ওসমান।

89.ভাষা আন্দোলন নিয়ে প্রথম উপন্যাস কে রচনা করেন?

a. আবদুল গাফফার চৌধুরী

b. আলাউদ্দিন আল আজাদ

c. মোহাম্মদ জহিরুল্লাহ

d. মোহাম্মদ মুনীরুজ্জামান

Explanation:
উত্তর: মোহাম্মদ জহিরুল্লাহ।

ব্যাখ্যা:
- জহির রায়হান ১৯৩৫ সালের ১৯ আগস্ট ফেনী জেলার মজুপুর গ্রামে জন্মগ্রহণ করেন।

- তাঁর প্রকৃত নাম আবু আবদার মোহাম্মদ জহিরুল্লাহ।

- তিনি ভাষা আন্দোলন নিয়ে প্রথম উপন্যাস রচনা করেন।

90.মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'নরকে লাল গোলাপ' এর রচয়িতা কে?

a. আলাউদ্দিন আল আজাদ

b. জিয়া হায়দার

c. মমতাজউদ্দিন আহমদ

d. মমতাজউদ্দিন উদ্দিন

Explanation:
উত্তর: আলাউদ্দিন আল আজাদ।

91.কাকে বাংলা ভাষার প্রথম মানবতাবাদী কবি বলা হয়?

a. জ্ঞানদাস

b. কৃত্তিবাস ওঝা

c. গোবিন্দ দাস

d. চণ্ডীদাস

Explanation:
চণ্ডীদাস মধ্যযুগের বাংলা সাহিত্যের প্রসিদ্ধ কবি।
রবীন্দ্রনাথ ঠাকুর চণ্ডীদাসকে দুঃখের কবি বলেছিলেন।
চণ্ডীদাসকে বাংলা ভাষার প্রথম মানবতাবাদী কবি বলা হয়।

92.নিচের কোনটি বৈষ্ণব সাহিত্যের প্রকার নয়?

a. পদাবলি

b. প্রণয়োপাখ্যান

c. বৈষ্ণবশাস্ত্র

d. জীবনীকাব্য

Explanation:
বৈষ্ণব সাহিত্য ৩ প্রকার।
যথা:

১. জীবনীকাব্য,
২. বৈষ্ণব শাস্ত্র ও
৩. বৈষ্ণব পদাবলী।

অন্যদিকে,
'প্রণয়োপাখ্যান' হলো মুসলিম সাহিত্যিকদের দ্বারা অনূদিত রোমান্টিক কাব্য।

93.'গুলে বকাওলী' গ্রন্থের বঙ্গানুবাদ করেন কে?

a. ফকির গরীবুল্লাহ

b. দৌলত উজির বাহরাম খান

c. নওয়াজিশ খান

d. দৌলত কাজী

Explanation:
গুলে বকাওলী কাব্য ইজ্জতুল্লা নামক এক বাঙালি লেখক রচিত পারসি গ্রন্থ।
১৭২২ থেকে ১৭৯০ খ্রিষ্টাব্দের মধ্যে রচিত এই গ্রন্থটির বঙ্গানুবাদ করেন কবি নওয়াজিশ খান।
এছাড়া অষ্টাদশ শতাব্দীর কবি মহম্মদ মুকিম তাঁর রচিত প্রথম কাব্যগ্রন্থের নাম দেন ‘গুলে বকাওলী'।

94.শাক্ত পদাবলির শ্রেষ্ঠ পদকর্তা কে?

a. গোবিন্দদাস

b. চণ্ডীদাস

c. বিদ্যাপতি

d. রামপ্রসাদ সেন

Explanation:
**রামপ্রসাদ সেন:**
শাক্তপদাবলির আদি ও শ্রেষ্ঠ কবি - রামপ্রসাদ সেন।

নবদ্বীপের রাজা কৃষ্ণচন্দ্র রায় রামপ্রসাদের কবিত্ব ও সঙ্গীতখ্যাতির কথা শুনে তাঁকে নিজের রাজসভায় যোগদানের আহবান জানান এবং 'কবিরঞ্জন' উপাধিতে ভূষিত করেন।
তিনি ভক্তিভাব এবং রাগ ও বাউল সুরের মিশ্রণে এক ভিন্ন সুরের সৃষ্টি করেন, যা বাংলা সঙ্গীতজগতে 'রামপ্রসাদী সুর' নামে পরিচিত।

95.'সত্যপীরের পুঁথি' কাব্যের রচয়িতা কে?

a. আলাওল

b. দৌলত উজির বাহরাম খান

c. সৈয়দ সুলতান

d. ফকির গরীবুল্লাহ

Explanation:
**ফকির গরীবুল্লাহ:**
পুঁথি সাহিত্যর প্রথম সার্থক ও জনপ্রিয় কবি ছিলেন ফকির গরীবুল্লাহ।
ফকির গরীবুল্লাহ রচিত কাব্যসমূহ হলো: ইউসুফ জোলেখা, আমীর হামজা (প্রথম অংশ), জঙ্গনামা, সোনাভান ও সত্যপীরের পুঁথি।

96.বাংলা কবিগানের রচয়িতা এন্টনি ফিরঙ্গি জাতিতে কী ছিলেন?

a. ব্রিটিশ

b. স্প্যানিশ

c. ফরাসি

d. পর্তুগিজ

Explanation:
**এন্টনি ফিরিঙ্গি:**
তিনি ছিলেন আঠারো শতকের বাংলা ভাষার কবিয়াল।
তাঁর প্রকৃত নাম হেনসম্যান এন্টনি (Hensman Anthony)।

তিনি জাতিতে ছিলেন পর্তুগিজ এবং ধর্মে খ্রিস্টান।
তিনি খ্রিস্টান হলেও বাঙালি কালি সাধক হিন্দুর মত জীবনযাপন করতেন।

97."পলকহীন চোখজোড়া দিয়ে অশ্রুর ফোয়ারা নেমেছিলো তার।" একুশের গল্পে কার অশ্রুর কথা বলা হয়েছে ?

a. রাহাতের

b. রেণুর

c. তপুর মায়ের

d. নাজিমের

Explanation:
জহির রায়হানের বিখ্যাত সাহিত্যকর্মের মধ্যে একুশের গল্প অন্যতম। এই গল্পের প্রধান চরিত্র: তপু, রেণু ও রাহাত ।

98.ঐতিহাসিক প্রেক্ষাপটে লেখা "**হুলিয়া**" কবিতাটি নির্মলেন্দু গুণের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

a. বাংলার মাটি বাংলার জল

b. শিয়রে বাংলাদেশ

c. না প্রেমিক না বিপ্লবী

d. প্রেমাংশু রক্ত চাই

Explanation:
নির্মলেন্দু গুণের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ **"প্রেমাংশু রক্ত চাই"**

99."এ পথের যদি শেষ না হতো কোনদিন; অনন্তকাল ধরে এমনি চলতে পারতাম আমরা।" অংশটি জহির রায়হান রচিত কোন গল্পের অন্তর্গত?

a. নয়া পত্তন

b. সময়ের প্রয়োজনে

c. একুশের গল্প

d. সূর্যগ্রহণ

Explanation:
"এ পথের যদি শেষ না হতো কোনদিন; অনন্তকাল ধরে এমনি চলতে পারতাম আমরা।" অংশটি জহির রায়হান রচিত **'একুশের গল্প'** গল্পের অন্তর্গত?

100.বাংলা সাহিত্যের প্রথম ছোটগল্প কোনটি?

a. ছুটি

b. বিলাসী

c. ভিখারিনী

d. মহেশ

Explanation:
• বাংলা সাহিত্যের প্রথম ছোটগল্প - **ভিখারিনী**।

• **ভিখারিনী:**
- রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত ছোটগল্প।
- এটি **বাংলা সাহিত্যের প্রথম ছোটগল্প**।
- এটি 'ভারতী' পত্রিকায় ১৮৭৪ সালে প্রকাশিত হয়।

About

Terms & Conditions

Refund Policy

BPSC Link

Privacy Policy

Helpline: 01329672052

© 2024 P2A All rights reserved